


কার্যালয় স্মারক

বিষয় : প্রাণিসম্পদ অধিদপ্তর থেকে প্রদত্ত বরাদ্দ যথাসময়ে এবং যৌক্তিকভাবে ব্যয় করণ এবং কর বহির্ভূত রাজস্ব (NTR) এবং জাতীয় রাজস্ব বোর্ড বহির্ভূত করসমূহ (Non NBR Tax) সঠিকভাবে আদায় এবং জমা সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক অর্থবছরের শুরুতে সকল বরাদ্দ অধীনস্থ দপ্তরে প্রেরণ করা হয়। মাঠ পর্যায়ের দপ্তরসমূহ কর্তৃক বরাদ্দ প্রাপ্তির পর ১ম কোয়ার্টার এবং ২য় কোয়ার্টারে যে ব্যয় করা হয়, অনেক ক্ষেত্রে তা খুবই সীমিত, যা মোটেও সন্তোষজনক নয়। এ.পি.এ অনুযায়ী ব্যয় করার নির্ধারিত লক্ষ্যমাত্রা থাকলেও বেশিরভাগ ক্ষেত্রে সেটা মানা হচ্ছে না। Annual Performance Agreement (APA) তে এ বিভিন্ন বিষয়ে পয়েন্ট এবং লক্ষ্যমাত্রা নির্ধারিত থাকে। কিন্তু এ.পি.এ এর লক্ষ্যমাত্রা অর্জিত হয়না। ফলে মন্ত্রণালয়ের বিভিন্ন সভায় অধিদপ্তরকে বিব্রতকর অবস্থায় পড়তে হয়। এতে করে অধিদপ্তরের ভাবমূর্তি ক্ষুণ্ণ হয়। অধিকন্তু অর্থবিভাগে অতিরিক্ত বরাদ্দ চাওয়ার ক্ষেত্রে ব্যয়ের শতকরা হার দেখা হয়। ব্যয় না করে অতিরিক্ত বরাদ্দ চাওয়ার ক্ষেত্রে অধিদপ্তরকে বিব্রতকর অবস্থায় পড়তে হয়।

এছাড়া ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় হতে কর বহির্ভূত রাজস্ব (NTR) এবং জাতীয় রাজস্ব বোর্ড বহির্ভূত করসমূহ (Non NBR Tax) আদায় এবং জমা প্রদান সংক্রান্ত নতুন **Excel Spreadsheet** এ প্রেরণ ও নির্দেশনা প্রদান করা হয়েছিল। কিন্তু ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, প্রাণিসম্পদ অধিদপ্তরের অধীনস্থ দপ্তরসমূহের কোন কোন কর্মকর্তাগণ যথাসময়ে মাসিক আয়-ব্যয়ের হিসাব অধিদপ্তরে প্রেরণ করেন না। মাস শেষ হয়ে গেলেও পূর্ববর্তী মাসের হিসাব প্রদান থেকে বিরত থাকেন। যা মোটেও কাম্য নয় এবং আর্থিক শৃংখলার পরিপন্থী।

এমতাবস্থায়, ব্যয়ের অগ্রাধিকার নিরূপণপূর্বক যথাসময়ে এবং যৌক্তিকভাবে ব্যয় করা এবং মাসিক আয়-ব্যয়ের হিসাব একত্রিত (Consolidated) করে অধিদপ্তরের হিসাব, বাজেট ও নিরীক্ষা শাখায় প্রেরণ নিশ্চিত করার জন্য বলা হলো। ব্যয় না করে বরাদ্দের চাহিদা প্রদানের ক্ষেত্রে আরোও সতর্ক হওয়ায় জন্য অনুরোধ করা হলো।


(ডাঃ এ.বি.এম. সাইফুজ্জামান)
পরিচালক

হিসাব বাজেট ও নিরীক্ষা
পক্ষে-মহাপরিচালক

প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

বিতরণ :

জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় কার্যক্রমের জন্য প্রেরণ করা হ'ল।

- ১-২) পরিচালক, উৎপাদন/সম্প্রসারণ, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
- ৩) পরিচালক, গবেষণা, প্রশিক্ষণ ও মূল্যায়ন, প্রাণিসম্পদ গবেষণাগার, মহাখালী, ঢাকা।
- ৪-১১) পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, ঢাকা/ চট্টগ্রাম/রাজশাহী/ রংপুর/ খুলনা/বরিশাল/সিলেট/ময়মনসিংহ।
- ১২) পরিচালক, প্রাণিসম্পদ ঔষধাগার, ৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।
- ১৩) পরিচালক, কৃত্রিম প্রজনন দপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
- ১৪) পরিচালক, কেন্দ্রীয় ভেটেরিনারি হাসপাতাল, ৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।
- ১৫) পরিচালক, বাংলাদেশ জাতীয় চিড়িয়াখানা, মিরপুর, ঢাকা।
- ১৬) পরিচালক, বি.সি.এস লাইভস্টক একাডেমী, সাভার, ঢাকা
- ১৭) পরিচালক, ভি,টি,আই, ময়মনসিংহ/আলমডাংগা।
- ১৮) পরিচালক, এল,টি,আই, সিলেট।
- ১৯) অধ্যক্ষ, এল,টি,আই, গাইবান্ধা।
- ২০) অধ্যক্ষ, আই,এল,এস,টি, গাইবান্ধা/নাসিরনগর,বি-বাড়ীয়া/গোপালগঞ্জ/নেত্রকোনা/ডুমুরিয়া, খুলনা।
- ২১) সিনিয়র সহকারী পরিচালক, জেলা পিগ ফার্ম, রাংগামাটি পার্বত্য জেলা।
- ২২) সিনিয়র সায়েন্টিফিক অফিসার, কিউসি ল্যাব, সাভার, ঢাকা।
- ২৩) জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, টাংগাইল (সন্তোষ হাসপাতালের জন্য)।
- ২৪) জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা(সকল),
- ২৫) ভেটেরিনারি অফিসার, জেলা ভেটেরিনারি হাসপাতাল (সকল),
- ২৬) উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (সকল),
- ২৭) ভেটেরিনারি সার্জন, রংপুর চিড়িয়াখানা/ বিনোদন উদ্যান, রংপুর।
- ২৮) সহকারী পরিচালক, প্রাণি ক্রয় ও উন্নয়ন দপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
- ২৯) ভারপ্রাপ্ত কর্মকর্তা, পশু খাদ্য কারখানা, সাভার, ঢাকা।
- ৩০) অত্র অধিদপ্তরের হিসাব শাখা।